



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
প্রশাসন বিভাগ
খাদ্য ভবন, ১৬ আব্দুল গনি রোড, ঢাকা-১০০০
www.dgfood.gov.bd



নম্বর: ১৩.০১.০০০০.০৩১.৩২.০০১.১৮.৬২৩

তারিখ: ৩০ কার্তিক ১৪২৭
১৫ নভেম্বর ২০২০

পরিপত্র

বিষয়: প্রতারণার বিরুদ্ধে সাধারণ ডায়েরি ও কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ।

অত্র দপ্তরের ১২/০৪/২০১৭ তারিখের ৬৪৫ নং এবং ৩০/০৫/২০১৯ তারিখের ৪৩৯ নং স্মারকে প্রশাসন বিভাগের কতিপয় কর্মকর্তা/কর্মচারীর নাম উল্লেখ/ব্যবহার করে/হুমকি দিয়ে বিভিন্ন মোবাইল নম্বর হতে মাঠ পর্যায়ের বিভিন্ন কর্মকর্তা/কর্মচারীর নিকট ফোন করে কতিপয় অসাধু ব্যক্তি টাকা হাতিয়ে নেওয়ার অপচেষ্টায় লিপ্ত রয়েছেন মর্মে সংশ্লিষ্ট সকলকে সতর্ক থাকার জন্য নির্দেশ দেওয়া হয়। এছাড়া খাদ্য অধিদপ্তরের কোন কর্মকর্তা/কর্মচারীর কোন ধরনের আর্থিক/অন্যান্য প্রতারণার অপচেষ্টা পরিলক্ষিত হলে তার বিরুদ্ধে বিধি মোতাবেক কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে; প্রতারণামূলক কোন আর্থিক লেনদেনে জড়িয়ে পড়লে, তার দায়-দায়িত্ব সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীকেই নিতে হবে মর্মে পরিপত্র জারি করা হয়।

কিন্তু লক্ষ্য করা যাচ্ছে যে, উল্লিখিত নির্দেশ যথাযথভাবে অনুসরণ না করে প্রশাসন বিভাগের কতিপয় কর্মকর্তা/কর্মচারীর নাম উল্লেখ/ব্যবহার করে/হুমকি দিয়ে বিভিন্ন মোবাইল নম্বর (যেমনঃ ০১৭১১৩৪৩৭৬৩, ০১৬৪০৫৫৭৬০২, ০১৭৭৩৫৭৪০৬১) হতে মাঠ পর্যায়ের বিভিন্ন কর্মকর্তা/কর্মচারীর নিকট ফোন করে কতিপয় অসাধু ব্যক্তি টাকা হাতিয়ে নেওয়ার অপচেষ্টা অব্যাহত রেখেছেন। এ ধরনের প্রতারণার ফাঁদে পা না দেওয়ার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

অত্র দপ্তরের ১২/০৪/২০১৭ তারিখের ৬৪৫ নং এবং ৩০/০৫/২০১৯ তারিখের ৪৩৯ নং স্মারকের অনুবৃত্তিক্রমে এ ব্যাপারে সংশ্লিষ্ট সকলকে সতর্ক থাকার জন্য পুনরায় নির্দেশ প্রদান করা হলো। যদি কোন কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে কোন ধরনের আর্থিক/অন্যান্য প্রতারণার অপচেষ্টা পরিলক্ষিত হয় তাহলে তার বিরুদ্ধে বিধি মোতাবেক কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে; এছাড়া প্রতারণামূলক কোন আর্থিক লেনদেনে জড়িয়ে পড়লে, তার দায়-দায়িত্ব সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীকেই নিতে হবে। এ ধরনের ঘটলে বিষয়টি গুরুত্ব সহকারে নিকটস্থ থানায় সাধারণ ডায়েরিভুক্ত করে সংশ্লিষ্ট পুলিশ ও র্যাবকে প্রতারণাদের বিরুদ্ধে কঠোর আইনগত ব্যবস্থা গ্রহণের নিমিত্ত অবহিত করার জন্য পুনরায় নির্দেশনা প্রদান করা হলো।

২৩-১১-২০২০

সারোয়ার মাহমুদ
মহাপরিচালক

বিতরণ:

- ১) সচিব, খাদ্য মন্ত্রণালয় - মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ২) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৩) পরিচালক, প্রশাসন বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৪) পরিচালক, সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৫) পরিচালক, চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৬) পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৭) পরিচালক, পরিদর্শন, উন্নয়ন ও কারিগরী সেবা বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৮) পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৯) পরিচালক, প্রশিক্ষণ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ১০) প্রধান মিলার, সরকারি ময়দা ও পশু খাদ্য মিল, পোস্টগোলা, ঢাকা।
- ১১) আইন উপদেষ্টা (অতিরিক্ত দায়িত্ব), আইন উপদেষ্টার কার্যালয়, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ১২) অতিরিক্ত পরিচালক, অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ১৩) অতিরিক্ত পরিচালক, এমআইএসএন্ডএম বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ১৪) প্রধান নিয়ন্ত্রক, প্রধান নিয়ন্ত্রক, ঢাকা রেশনিং, ঢাকা।
- ১৫) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা। (তার নিয়ন্ত্রণাধীন সকল দপ্তরে পরিপত্রটি প্রেরণ করতে অনুরোধ করা হলো)
- ১৬) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী। (তার নিয়ন্ত্রণাধীন সকল দপ্তরে পরিপত্রটি প্রেরণ করতে অনুরোধ করা হলো)

- ১৭) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, খুলনা। (তার নিয়ন্ত্রণাধীন সকল দপ্তরে পরিপত্রটি প্রেরণ করতে অনুরোধ করা হলো)
- ১৮) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম। (তার নিয়ন্ত্রণাধীন সকল দপ্তরে পরিপত্রটি প্রেরণ করতে অনুরোধ করা হলো)
- ১৯) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, বরিশাল। (তার নিয়ন্ত্রণাধীন সকল দপ্তরে পরিপত্রটি প্রেরণ করতে অনুরোধ করা হলো)
- ২০) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রংপুর। (তার নিয়ন্ত্রণাধীন সকল দপ্তরে পরিপত্রটি প্রেরণ করতে অনুরোধ করা হলো)
- ২১) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, সিলেট। (তার নিয়ন্ত্রণাধীন সকল দপ্তরে পরিপত্রটি প্রেরণ করতে অনুরোধ করা হলো)
- ২২) সাইলো অধীক্ষক, নারায়ণগঞ্জ সাইলো, নারায়ণগঞ্জ।
- ২৩) সাইলো অধীক্ষক, চট্টগ্রাম সাইলো, চট্টগ্রাম।
- ২৪) সাইলো অধীক্ষক, আশুগঞ্জ সাইলো, ব্রাহ্মণবাড়ীয়া
- ২৫) সাইলো অধীক্ষক, সান্তাহার সাইলো, বগুড়া।
- ২৬) সাইলো অধীক্ষক, স্টীল সাইলো, খুলনা।
- ২৭) সাইলো অধীক্ষক, মোংলা সাইলো, বাগেরহাট।
- ২৮) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। (পরিপত্রটি খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইটে দেওয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।)
- ২৯) উপ-পরিচালক, তদন্ত ও মামলা শাখা, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৩০) উপ-পরিচালক, বেতন, পদোন্নতি ও প্রশিক্ষণ শাখা, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৩১) জেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল),(তার নিয়ন্ত্রণাধীন সকল দপ্তরে পরিপত্রটি প্রেরণ করতে অনুরোধ করা হলো)
- ৩২) চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক (খাদ্য), চট্টগ্রাম।
- ৩৩) চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক (খাদ্য), খুলনা।
- ৩৪) ব্যবস্থাপক (সকল),
- ৩৫) প্রশাসনিক কর্মকর্তা, নেজারত শাখা, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৩৬) অফিস কপি।
- ৩৭) মাস্টার কপি।
- ৩৮) গার্ড ফাইল কপি।